

## সারাংশ

বর্তমান সন্দর্ভের মূল আলচ্য বিষয় হল দুর্যোগ কিভাবে পুঁজিবাদী অর্থনীতি উত্থানের ক্ষেত্রে ভূমিকা পালন করে। মৌলিক এই প্রশ্নটিকে বোঝার জন্য আমি ২০০৯ সালে ২৫ মে মাসে প্রাকৃতিক দুর্যোগ আইলার ফলে পশ্চিমবঙ্গ রাজ্যের দক্ষিণ ২৪ পরগণা জেলার পাথরপ্রতিমা ব্লকে ৪টি মৌজাকে গবেষণার জন্য নির্ধারণ করেছি। দুর্যোগের পরে বস্তুতপক্ষে (ভারতীয়) উপকূলীয় নিম্ন সুন্দরবনের ক্ষেত্রে সরকারি ও বেসরকারি ভাবে বিভিন্ন প্রকার উন্নয়ন মূলক প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত উন্নয়ন প্রকল্পের প্রভাব সবথেকে বেশি পড়ে নদী বাঁধের মেরামত ও কৃষি ক্ষেত্রে। এই প্রকল্প গুলোর দ্বারা তৎক্ষণিক রূপে উন্নয়ন হলেও এর সুদূরপ্রসারী ফলাফল হল এইরূপ, আইলার ফলে স্থানীয় অঞ্চলের ঐতিহ্যবাহী জীবিকা গুলে ভেঙে যায়, কিছু কিছু টিকে থাকলেও নতুন অনেক উপাদান যোগ হয়ে পরিবর্তিত কাঠামোর রূপ নেয়। ‘আইলা প্রকল্পে’ নদী বাঁধ মেরামতের ক্ষেত্রে ব্যাপক প্রযুক্তির ব্যবহার হয়, ফলত স্থানীয় মানুষ বাঁধ মেরামতের ক্ষেত্রে মাটি খননের কাজ থেকে বিচ্যুতি হয়ে বছরের নির্দিষ্ট উপার্জন হারা হয়। যা দুর্যোগ পরবর্তী অভিবাসন কে আরও ত্বরান্বিত করে। ওপর দিকে একই সাথে সমান্তরাল আরও একটি পরিবর্তন হতে থাকে, তা হল আইলা প্রকল্পে নদী বাঁধ মেরামতের জন্য প্রশাসনিক ভাবে (বস্তুত পক্ষে আমলাতান্ত্রিক) জমি অধিগ্রহণকে কেন্দ্র করে স্থানীয় ভূমি ব্যবস্থা নতুন আইনি জটিলতার সম্মুখীন হয়। এবং এই জটিলতার সমাধান কল্পে প্রশাসনিক তৎপরতার কারণে ‘বিশেষজ্ঞ জ্ঞান ও স্থানীয় জ্ঞানের’ মধ্যে সম্পর্ক গড়ে ওঠার ফলে (স্থানীয়) ভূমি ক্ষেত্রে নতুন কাঠামো গড়ে ওঠে। দুর্যোগে কৃষি জমিগুলো লবণ জলে প্লাবিত হওয়ার ফলে স্থানীয় কৃষি ক্ষেত্রে আশংকা বা সংকট দেখা দেয়। ঠিক এই সময়ে বাজারে কান পাতলে শোনা যায়, সুন্দরবনে পুরনো পদ্ধতিতে আর চাষবাস সম্ভব নয়। চায় উচ্চ ফলনশীল বীজ, সার ও কীটনাশক। সাথে গরুর লাঙলের পরিবর্তে আসে পাওয়ার টিলার, ট্রাক্টর ইত্যাদি। বিঘা প্রতি মোট উৎপাদন বাড়ল, খরচও বাড়ল। ফলত স্থানীয় কৃষি উৎপাদন ব্যবস্থায় নতুন ‘বয়ান’ তৈরি হল। সামগ্রিক এই পরিবর্তন গুলো স্থানীয় অঞ্চলে ‘উন্নয়ন’ নামে পরিচিতি লাভ করেছে। আমার প্রশ্ন হল উন্নয়ন বলতে আমরা ঠিক কি বুঝি? উন্নত রাষ্ট্রের উন্নয়নের মডেল ঠিক কতোটা উন্নয়নশীল রাষ্ট্রের ক্ষেত্রে প্রযোজ্য? কিংবা উন্নয়নের মডেলে স্থানীয় জ্ঞান কি উন্নয়নের ধারণাকে পরিবর্তন করতে পারে? সামগ্রিক ভাবে বোঝার চেষ্টা করেছি আইলা পরবর্তী সুন্দরবনে উন্নয়নের যে প্রকৃতি, তার সাথে স্থানীয় মানুষ কতোটা সংপৃক্ত হতে পেরেছে। এই জিজ্ঞাস্য গুলোর উত্তর খোজাই বর্তমান সন্দর্ভের মৌলিক উদ্দেশ্য।